

১. মনোবিদ্যা ( Psychology) কাকে বলে ।

উত্তর:- 'Psyche' শব্দের অর্থ হল-মন আর 'logos' শব্দের অর্থ বিজ্ঞানসম্মত আলোচনা। তাই মনোবিদ্যা বলতে বোঝাই 'মনের বিজ্ঞানসম্মত আলোচনা।

২. মনোবিদ স্টাউট এর মতে মনোবিদ্যা কী?

উত্তর:- মনোবিদ্যা হল সেই শাস্ত্র যা মানসিক অবস্থা বা মানব জীবন সম্পর্কে আলোচনা করে।

৩. আচরণবাদের প্রবক্তা কে?

উত্তর:- John Broadus Watson

৪. মনোবিদ্যাকে মানুষবৃত্তির বিজ্ঞান বলেছেন কে ?

উত্তর:- ডেভিড হিউম।

৫. মনোবিজ্ঞানের কয়টি পদ্ধতি ও কী কী ?

উত্তর:- তিনটি পদ্ধতি। যথা- অন্তর্দর্শন পদ্ধতি, বাহ্য দর্শন পদ্ধতি এবং পরীক্ষণ পদ্ধতি।

৬. সংবেদনের দুটি বৈশিষ্ট্য লেখ।

উত্তর:- ক. সংবেদন এক অর্থহীন মৌলিক মানুষবৃত্তি ও খ. সংবেদন বস্তুকেন্দ্রিক ব্যক্তিকেন্দ্রিক নয়।

৭. সংবেদনের কয়টি ধর্ম ও কী কী ?

উত্তর:- চারটি ধর্ম। গুণ, তীব্রতা, স্পষ্টতা, স্থায়িত্ব।

৮. স্মৃতির কয়টি উপাদান ও কী কী ?

উত্তর:- পাঁচটি। যথা- শিখন, সংরক্ষণ, পুনরুৎপাদন, প্রত্যভিজ্ঞা, স্থান- কাল নির্দেশ।

৯. অনুষ্ণ নিয়ম কয়টি ও কী কী ?

উত্তর:- ১. নৈকট্য, ২. সাদৃশ্য ও ৩. বৈপরীত্য।

১০. স্বপ্নকৃতি কী ?

উত্তর:- যে প্রক্রিয়ার সাহায্যে অবদমিত ইচ্ছাগুলি ছদ্মবেশে স্বপ্নকালীন চেতনায় দেখা দেয় তাকে, স্বপ্নকৃতি।

১১. 'A Manual of Psychology' ... গ্রন্থটির লেখক কে ?

উত্তর:- George Stout

১২. শিখন সম্পর্কে সাপেক্ষ প্রতিবর্তবাদের দুজন সমর্থকের নাম।

উত্তর:- Pavlov, Bechterev ।

১৩. বুদ্ধি সম্পর্কে দ্বি-উপাদান তত্ত্বটি কার?

উত্তর:- স্পিয়ারম্যান।

১৪. I.Q সম্পূর্ণ নাম কী ?

উত্তর:- Intelligence Quotient.